# সিটিজেন চার্টার

## নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট

## সমাজকল্যাণ মন্ত্রণালয়

**নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্টের সেবা প্রদান প্রতিশ্রুতি/চার্টার:**

ভূমিকা: অটিজম ও নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে সরকার ২০১৩ সালে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন ২০১৩ প্রণয়ন করে এবং এ আইনের বিধান স্থাপিত হয়। ট্রাস্ট স্থাপিত হওয়ার পর ট্রাস্টের অফিস স্থাপন, সাংগঠনিক কাঠামো চূড়ান্তকরণসহ অন্যান্য প্রশাসনিক কার্যাবলী সম্পাদন করা হয়। এনডিডি সুরক্ষা ট্রাস্ট ০৪ ধরণের প্রতিবন্ধী তথা অটিজম, ডাউন সিনড্রোম, সেরিব্রাল পালসি, বুদ্ধি প্রতিবন্ধী বৈশিষ্ট্যসম্পন্ন শিশু ও ব্যক্তিদের নিয়ে কাজ করে। এ ০৪ ধরণের প্রতিবন্ধী শিশু ও ব্যক্তিদের সনাক্তকরণ, তাদের প্রয়োজনীয় সেবা প্রদান, অভিভাবক নিয়োগ, শিক্ষা, চিকিৎসা, ও পুনর্বাসনসহ যাবতীয় কার্যক্রম পরিচালনা করার জন্য ট্রাস্ট আইনগতভাবে দায়িত্বপ্রাপ্ত।

**ভিশন:**

বাংলাদেশে নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সুরক্ষা ও তাদের জীবনমান উন্নয়ন;

**মিশন:**

- জাতিসংঘ ঘোষিত UNCRPD এর আলোকে বাংলাদেশের নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী জনগোষ্ঠীর সমমর্যাদা, অধিকার, পূর্ণ অংশগ্রহণ এবং সমাজের মূলস্রোতধারায় সম্পৃক্ত করণের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়ন সাধন;
- নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী বিষয়ক যাবতীয় কার্যক্রম সমন্বয় সাধন এবং জাতীয় পর্যায়ে নীতি নির্ধারণ ও নীতি বাস্তবায়ন বিষয়ে কার্যকর ভূমিকা পালন;
- নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনব্যাপী যত্নপরিচর্যা, আবাসন, শিক্ষা, প্রশিক্ষণ, পুনর্বাসন, ও স্বাস্থ্যসেবা নিশ্চিতিকরণ;
- নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী বিষয়ক গবেষণা প্রতিবেদন, বুলেটিন, জার্নাল, সাময়িকী ও পুস্তিকা প্রকাশ;
- নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের ক্রীড়া, শরীরচর্চা, ও সাংস্কৃতিক কর্মকান্ডে অংশগ্রহণ নিশ্চিতকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণ;

## ১. নাগরিক সেবা

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| **১ | এনডিডি সুরক্ষা ট্রাস্টের সেবা বিষয়ক যেকোন তথ্য প্রদান | নির্ধারিত ফরমে আবেদন করলে ডাকযোগে বা ই-মেইলে তথ্য প্রেরণ করা হয়। | ফরম এর লিংক:<br>http://infocom.portal.gov.bd/site/forms/a32783d0-a941-4dff-8ffc-b2d95554a442/ ;<br>http://www.forms.gov.bd/site/view/form-office/116/ | তথ্য অধিকার আইন ও বিধি অনুযায়ী | ৭ কার্যদিবস | পরিচালক<br>এনডিডি সুরক্ষা ট্রাস্ট |
| **২ | এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিশু ও ব্যক্তিদের চিকিৎসা সহায়তা হিসেবে এককালীন আর্থিক অনুদান প্রদান | এনডিডি সুরক্ষা ট্রাস্ট বিষয়ক জেলা কমিটির মাধ্যমে তালিকা সংগ্রহ এবং সরাসরি ট্রাস্ট কার্যালয় হতে আবেদন সংগ্রহপূর্বক যাচাই বাছাই করতঃ G2P পদ্ধতিতে এবং ক্ষেত্রবিশেষ চেকের মাধ্যমে অনুদানের অর্থ বিতরণ। | এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তির সুবর্ণ নাগরিক পরিচয় পত্র কপি<br>অভিভাবকের বার্ষিক আয়ের প্রত্যয়ন পত্র কপি।<br>চিকিৎসার সমর্থনে চিকিৎসকের প্রত্যয়ন পত্র কপি।<br><br>প্রাপ্তিস্থান:<br><br>ক) জেলা পর্যায়ে-উপপরিচালক, সমাজসেবা কার্যালয় হতে বা ট্রাস্টের ওয়েবসাইট www.nddtrust.gov.bd হতে আবেদন পত্র সংগ্রহ/ডাউনলোড করে পূরণকৃত আবেদনপত্র উক্ত অফিসে জমা প্রদান করতে হবে।<br><br>খ) সরাসরি এনডিডি সুরক্ষা ট্রাস্ট প্রধান কার্যালয় হতে বা ট্রাস্টের ওয়েবসাইট www.nddtrust.gov.bd হতে আবেদন পত্র সংগ্রহ/ডাউনলোড করে পূরনকৃত আবেদন পত্র উক্ত অফিসে জমা প্রদান করতে হবে। | প্রযোজ্য নয় | আবেদন চেয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি জারির সর্বোচ্চ ০৩ মাস এবং আবেদন দাখিলের ০১ মাসের মধ্যে | পরিচালক<br>এনডিডি সুরক্ষা ট্রাস্ট<br><br>উপপরিচালক<br>এনডিডি সুরক্ষা ট্রাস্ট<br><br>এনডিডি সুরক্ষা ট্রাস্ট বিষয়ক জেলা কমিটি |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **৩ | এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিশু ও ব্যক্তিদের মাতা-পিতা/অভিভাবকগণকে প্রশিক্ষণ প্রদান | এনডিডি সুরক্ষা ট্রাস্টের চাহিদা অনুযায়ী প্রত্যাশী ব্যক্তি ট্রাস্টের নির্ধারিত ফরমে প্রশিক্ষণের জন্য আবেদন করবেন।<br><br>সরাসরি উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ গ্রহণ করবেন তবে বিশেষ পরিস্থিতিতে ভার্চুয়াল প্লাটফর্মে অনলাইন ক্লাসের মাধ্যমে প্রশিক্ষণ গ্রহণ করবেন। | এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তির সুবর্ণ নাগরিক পরিচয় পত্র কপি<br>অভিভাবকের জাতীয় পরিচয়পত্র কপি।<br>প্রশিক্ষণ প্রত্যাশী ব্যক্তির ২ কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি<br><br>প্রাপ্তিস্থান: এনডিডি সুরক্ষা ট্রাস্টের ওয়েবসাইট (www.nddtrust.gov.bd) হতে আবেদন পত্র সংগ্রহ করে পূরনকৃত আবেদন পত্র ডাকযোগে/সরাসরি এনডিডি সুরক্ষা ট্রাস্ট প্রধান কার্যালয়ে জমা প্রদান করবেন। | প্রযোজ্য নয় | আবেদন করার পর ১৫ দিন হতে ০২ মাস সময়ের মধ্যে প্রশিক্ষণ গ্রহণ করতে পারেন। | পরিচালক এনডিডি সুরক্ষা ট্রাস্ট |
| **৪ | এনডিডি বিদ্যালয়সমূহের শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান | এনডিডি সুরক্ষা ট্রাস্টের চাহিদা অনুযায়ী প্রত্যাশী ব্যক্তি ট্রাস্টের নির্ধারিত ফরমে প্রশিক্ষণের জন্য আবেদন করবেন।<br><br>সরাসরি উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ গ্রহণ করবেন তবে বিশেষ পরিস্থিতিতে ভার্চুয়াল প্ল্যাটফর্মে অনলাইন ক্লাসের মাধ্যমে প্রশিক্ষণ গ্রহণ করবেন। | জাতীয় পরিচয় পত্র কপি<br>প্রশিক্ষণ প্রত্যাশী ব্যক্তির ২ কপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি<br><br>প্রাপ্তিস্থান: এনডিডি সুরক্ষা ট্রাস্টের ওয়েবসাইট (www.nddtrust.gov.bd) হতে আবেদন পত্র সংগ্রহ করে পূরনকৃত আবেদন পত্র ডাকযোগে/সরাসরি এনডিডি সুরক্ষা ট্রাস্ট প্রধান কার্যালয়ে জমা প্রদান করবেন। | | | |
| **৫ | 'বলতে চাই' নামক অ্যাপ এর মাধ্যমে সেবা প্রদান | এনডডি সুরক্ষা ট্রাস্টের আওতায় 'বলতে চাই' নামক একটি অ্যাপ মোবাইল/ট্যাব এর মাধ্যমে ব্যবহার করা যায়। এটি একটি অমৌখিক যোগাযোগ প্রযুক্তি (For non-verbal persons with disabilities) যা বর্তমানে গুগল প্লে স্টোরে রয়েছে। যে সকল অটিজম ও এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিশু/ব্যক্তি মৌখিক যোগাযোগে অক্ষম তারা এটি ব্যবহারের করে যোগাযোগে সক্ষমতা অর্জন করবেন। | প্রাপ্তিস্থান: গুগল প্লে স্টোর<br><br>অ্যাপ এর লিংক:<br><br>https://play.google.com/store/apps/details?id=com.aims.boltechai&pcampaignid=web_share | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | |

## ২. প্রাতিষ্ঠানিক সেবা

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | এনডিডি বিদ্যালয় সমূহ পরিচালনা | এনডিডি বিদ্যালয় সমূহ পরিচালনার দায়িত্ব এখনো এনডিডি সুরক্ষা ট্রাস্টের উপর অর্পণ করা হয়নি। ট্রাস্টের উপর দায়িত্ব অর্পিত হলে প্রতিবন্ধিতা সম্পর্কিত সমন্বিত বিশেষ শিক্ষা নীতিমালা-২০১৯ অনুযায়ী পরিচালনা ও মনিটরিং করা হবে। | -- | -- | -- | -- |
| ২ | অটিজম ও এনডিডি সেবা কেন্দ্র পরিচালনা | অটিজমসহ এনডিডি শিশু ও ব্যক্তিদের স্বাস্থ্য সেবা প্রদানের জন্য নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্তৃক গৃহীত 'অটিজম ও এনডিডি সেবাদান কেন্দ্র' (এপ্রিল ২০২২ হতে মার্চ ২০২৫) শীর্ষক একটি উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছর হতে প্রকল্পের কার্যক্রম চলমান। ঢাকা সিটি কর্পোরেশনে ২টি সহ সারাদেশে মোট ১৪ টি সেবাদান কেন্দ্র চালু করার সর্বাত্মক ব্যবস্থা নেয়া হয়েছে। অটিজম ও এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিশু ও ব্যক্তিদের জীবন চক্রের বিভিন্ন ধাপে প্রকল্প এলাকার অটিজমসহ অন্যান্য এনডিডি শিশু ও ব্যক্তির জীবনমান উন্নয়ন কার্যকর ভূমিকা পালন করবে। এ প্রকল্পের আওতায় এনডিডি শিশু ও ব্যক্তিগণ প্রতিবন্ধিতার মাত্রা ও ধরণ অনুযায়ী বয়স ভিত্তিক প্রয়োজন মাফিক ১৭ ধরণের সেবা সুবিধা গ্রহণ করতে পারবেন। | -- | -- | -- | -- |

## ২. অভ্যন্তরীণ সেবা

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম, পদবি, ফোন নম্বর ও ইমেইল) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১ | কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্ন প্রকার ছুটি মঞ্জুর | কর্মকর্তা/কর্মচারীদের আবেদননের প্রেক্ষিতে ছুটি প্রাপ্তি স্বাপেক্ষে ছুটি মঞ্জুর করা হয়ে থাকে | আবেদনপত্র দাখিলের মাধ্যমে | প্রযোজ্য নয় | অফিস চলাকালীন | ব্যবস্থাপনা পরিচালক প্রযোজ্য ক্ষেত্রে পরিচালক |
| ২ | অডিট আপত্তি নিষ্পত্তি | আপত্তির জবাব প্রস্তুত করে | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | অফিস চলাকালীন | উপপরিচালক, সহকারী পরিচালক |
| ৩ | স্টেশনারি সামগ্রী সংগ্রহ ও প্রয়োজনমত বিতরণ | বাংলাদেশ স্টেশনারী অফিস হতে এবং বাজার হতে নগদমূল্যে ক্রয় | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | অফিস চলাকালীন | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা |

৪) নাগরিকদের কাছে আমাদের প্রত্যাশা

| ক্রম | প্রতিশ্রুতি/কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় |
|---|---|
| ১ | নির্ধারিত ফরমে সম্পূর্ণভাবে পূরণকৃত আবেদন জমা প্রদান |
| ২ | সঠিক মাধ্যমে প্রয়োজনীয় ফিস পরিশোধ করা |
| ৩ | সাক্ষাতের জন্য নির্ধারিত সময়ের পূর্বেই উপস্থিত থাকা |

**দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাদের যোগাযোগ ঠিকানাঃ**

১) মো: শাহ আলম
ব্যবস্থাপনা পরিচালক (যুগ্মসচিব)
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
টেলিফোন: ০২-৪১০০১৬৩২
মোবাইল: ০১৮৪২-৭৬১-৪৭৫
ইমেইল: nddptrust@gmail.com

২) মোহাম্মদ দিদারুল আলম
পরিচালক (উপসচিব)
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
মোবাইল: ০১৭১৬-৪৫২৬৮৭
টেলিফোন: ০২-৪১০০১৬৩৩
ইমেইল: lenin7176@gmail.com

৩)
উপপরিচালক
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
টেলিফোন:
মোবাইল:
ইমেইল:
বদলিজনিত কারণে বর্তমানে পদটি শূন্য রয়েছে

৪) মো: আবু তৈয়ব খান
সহকারী পরিচালক
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
টেলিফোন ০২-০২-৪১০০১৬৩৫
মোবাইল: ০১৭১২-২৩৬-০০০
ইমেইল: mtaiyob@gmail.com

৫)
প্রশাসনিক কর্মকর্তা
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
মোবাইল:
ইমেইল:

৬)
সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
মোবাইল:
ইমেইল:

৪/৪/২৪